দৈনিক সংবাদ

তারিখ ………
পৃষ্ঠা …… কলাম ……

MAR. 16 2002

### সাবেক ছাত্র নেতাদের বিবৃতি

# শেখ হাসিনার বিরুদ্ধে মামলা প্রতিহিংসার রাজনীতিকে উৎসাহিত করবে

বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী ও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে হত্যামামলা দায়ের করার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বাম সমর্থিত এবং স্বৈরাচারবিরোধী সংগ্রামের সাবেক ৮ ছাত্রনেতা।

শুক্রবার একযুক্ত বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, ৮০'র দশকে সামরিক স্বৈরাচার-বিরোধী সংগ্রামের ইতিহাসকে অন্যখাতে প্রবাহিত করে 'নতুন ষড়যন্ত্র এবং প্রসহন' সৃষ্টিতে সরকার পক্ষের এক আইনজীবী আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার নামে ছাত্রহত্যার মামলা দায়ের করে নোংরা প্রতিহিংসার রাজনীতির ধারাকেই উৎসাহিত করেছে। এ অপরাজনীতিতে সরকারের ইন্ধন সুস্পষ্ট।

নেতৃবৃন্দ বলেন, ১৯৮৩ সালের মধ্য ফেব্রুয়ারিতে সামরিক স্বৈরাচারবিরোধী সংগ্রামে জাফর ও জয়নাল শহীদী মৃত্যুবরণ করে এ দেশের গণতান্ত্রিক সংগ্রামকে বেগবান এবং খুনি এরশাদকে ছাত্ররা আন্দোলনের মাধ্যমে উৎখাত করেছিল। যা এখন গণতান্ত্রিক সংগ্রামের ইতিহাস।

নেতৃবৃন্দ বলেন, এই ইতিহাসকে অন্যখাতে প্রবাহিত করে প্রতিহিংসার রাজনীতি চরিতার্থ করার এই দুরভিসন্ধির বিরুদ্ধে তৎকালীন স্বৈরাচারবিরোধী সংগ্রামে ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ সকলকে রুখে দাঁড়ানোর আহ্বান জানান।

বিবৃতিদানকারী নেতা হলেন— ফজলে হোসেন বাদশা, শিরিন আখতার, ডা. মুশতাক হোসেন, নাজমুল হক প্রধান, নুর আহমদ বকুল, আখতার সোবহান খান মাসুরুর, আবদুল্লাহিল কাইয়ুম এবং রুহুল

### বিবৃতিঃ সাবেক ছাত্রনেতা

( ১২ পৃষ্ঠার পর )

কুদ্দুস বাবু। সংবাদ বিজ্ঞপ্তি।

শেখ হাসিনার বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করার ঘটনায় সামরিক স্বৈরাচার-বিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের প্রতিষ্ঠাতা ও সাবেক নেতৃবৃন্দ নিন্দা এবং প্রতিবাদ জানিয়েছেন।

শুক্রবার অন্য এক যুক্ত বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, মুক্তিযুদ্ধের চেতনাকে ধূলিস্মাৎ করে আবার পুরনো কায়দায় বাংলাদেশকে পাকিস্তানি ধারায় ফিরিয়ে নিয়ে যাওয়ার চক্রান্তের সঙ্গে যারা জড়িত তারাই এ জঘন্য মিথ্যাচার ও অপকর্মে লিপ্ত হয়েছে। রাজনৈতিক জিঘাংসা ও প্রহসনমূলক কার্যকলাপের অংশ হিসেবে সরকার নিয়োজিত একজন আইনজীবী ঐতিহাসিক ছাত্র আন্দোলনের সূচনালগ্নের শহীদ সাথীদের রক্তের ওপর পা দিয়ে মীর জাফরের মতো সাবেক প্রধানমন্ত্রী, জাতির জনকের কন্যা শেখ হাসিনার বিরুদ্ধে প্রহসনমূলক মিথ্যা মামলা দায়ের করেছে সিএমএম আদালতে। এ মামলা দায়েরের মধ্য দিয়ে সামরিক শাসনের কালিমাকে হোয়াইট ওয়াশ করার দায়িত্ব নিয়েছে বর্তমান সরকার। সরকারি আইনজীবীদের মাধ্যমে মামলাটি দায়ের হওয়ায় এ চক্রান্তের সঙ্গে সরকারের যোগসাজশ সুস্পষ্ট।

অতঃপর আমরা সাবেক ছাত্র নেতৃবৃন্দ এ ষড়যন্ত্রমূলক, প্রহসনমূলক, হাস্যকর, উদ্ভট মামলার তীব্র নিন্দা এবং জননেত্রী শেখ হাসিনার বিরুদ্ধে দায়েরকৃত মামলা অনতিবিলম্বে প্রত্যাহারের দাবি জানাই।

বিবৃতিদানকারী নেতৃবৃন্দের মধ্যে রয়েছেন ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, খ. ম. জাহাঙ্গীর হোসেন, আক্তারুজ্জামান, আনোয়ারুল হক, ফজলে হোসেন বাদশা, বাহালুল মজনুন চুন্নু, মিজানুর রহমান মানু, আবদুল মান্নান, জাহাঙ্গীর কবীর নানক, সুলতান মো. মনসুর আহমদ, মোহাম্মদ আবদুর রহমান, মুকুল বোস, খোরশেদ আলম সুজন, শাহে আলম, অসীম কুমার উকিল, শফি আহমদ, এস.এম কামাল হোসেন প্রমুখ।